



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/ Fax-8189029


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৫৬২.১৪-২০১১

তারিখ: ০৪/৩/২০১৫ খ্রিস্টাব্দ।

বিষয় : সুফলভোগী প্রশিক্ষণার্থীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ সামগ্রী সরবরাহ না করে অর্থ অপব্যয়ের বিষয়ে ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নায়ী “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)” শীর্ষক প্রকল্পটি গ্রামীণ দরিদ্র মহিলাদের সংগঠিত করে প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তার মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। সুফলভোগীদের আত্মকর্মসংস্থান সৃষ্টি ও তাদেরকে উন্নয়ন কর্মকাণ্ডে সম্পৃক্ত করণের নিমিত্তে উপজেলা পর্যায়ে নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম আয়োজন করা হচ্ছে। সুফলভোগী প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণকালে এবং প্রশিক্ষণলব্ধ জ্ঞান বাস্তবে ফলপ্রসূ প্রয়োগের ক্ষেত্রে সহায়ক হিসেবে ব্যবহারের লক্ষ্যে আনুসঙ্গিক প্রশিক্ষণ সামগ্রী সরবরাহের জন্য প্রকল্প হতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করা হয়। কিন্তু বিগত ১৪/২/২০১৫ খ্রিস্টাব্দ তারিখে ঝালকাঠি জেলাধীন ঝালকাঠি সদর উপজেলায় নিম্নস্বাক্ষরকারীর উপস্থিতিতে ‘হাঁস-মুরগী পালন’ বিষয়ক প্রশিক্ষণে সুফলভোগী সদস্যদের নিম্নমানের প্রশিক্ষণ সামগ্রী প্রদান করা হয়; যা অত্যন্ত দুঃখজনক। এতে প্রতীয়মান হয় উক্ত উপজেলায় ইতোপূর্বে অন্যান্য সকল প্রশিক্ষণেও একই রকম প্রশিক্ষণ সামগ্রী সরবরাহ করা হয়েছে। যার ফলে সরকারী অর্থের অপচয়সহ প্রশিক্ষণের আসল উদ্দেশ্য ব্যাহত হচ্ছে। প্রয়োজনীয় যথাযথ প্রশিক্ষণ সামগ্রী সরবরাহ না করায় সুফলভোগীদের মাঝে প্রকল্প তথা বিআরডিবি সম্পর্কে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টিসহ প্রকল্পের অভিষ্ঠ লক্ষ্য অর্জন ব্যাহত হচ্ছে।

বর্ণিত অনিয়মের বিষয়ে উক্ত উপজেলার উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে ব্যাখ্যা তলব করে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

উপপরিচালক,
বিআরডিবি, ঝালকাঠি।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক সরেজমিন মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. অফিস কপি।